

## আর-রাহমান | Ar-Rahman | أَرْرَحْمَنُ

আয়াতঃ ৫৫ : ৪৮

### আরবি মূল আয়াত:

﴿٤٨﴾ دَوَّاتَأَفَنَانِ

#### Aর্থ অনুবাদসমূহ:

উভয়ই বহু ফলদার শাখাবিশিষ্ট। — আল-বায়ান

দু'টোই শাখা পল্লবে ভরপুর। — তাইসিরাল

উভয়ই বহু শাখা-পল্লব বিশিষ্ট বৃক্ষে পূর্ণ। — মুজিবুর রহমান

Having [spreading] branches. — Sahih International

### ৪৮. উভয়ই বহু শাখা-পল্লববিশিষ্ট।(১)

(১) এখান থেকে প্রথমোভ জান্মাতের প্রস্তরণ দু'টির বর্ণনা দেয়া হচ্ছে, যেগুলো জান্মাতীগণ লাভ করবে। বলা হচ্ছে, (دَوَّاتَأَفَنَانِ) অর্থাৎ উদ্যানদ্বয় ঘন শাখাপল্লববিশিষ্ট হবে। এর অবশ্যভাবী ফল এই যে, এগুলোর ছায়াও ঘন ও সুনিবিড় হবে এবং ফলও বেশি হবে। পরবর্তীতে উল্লিখিত উদ্যানদ্বয়ের ক্ষেত্রে এই বিশেষণ উল্লেখ করা হয়নি। ফলে সেগুলোর মধ্যে এ বিষয়ের অভাব বোঝা যায়। [কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

### (৪৮) উভয়ই বহু ডালপালাবিশিষ্ট (গাছে পরিপূর্ণ)। [1]

[1] এখানে ইঙ্গিত করা হয়েছে যে, তাতে ছায়া হবে ঘন ও সুনিবিড়। অনুরূপ ফলও হবে অধিকহারে। কেননা, প্রতিটি ডাল ফলে পরিপূর্ণ থাকবে। (ইবেন কাসীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4949>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন